খণ্ড 5
DeKalb County School District-এর পক্ষ থেকে শুভেচ্ছা জানাই,

আমরা স্কুলে-ফেরা 2020-র সফরের অন্তিম মুহূর্তে এসে উপস্থিত হয়েছি। সফল ও দারুণভাবে স্কুল শিক্ষাবর্ষ চালু করার জন্য আমরা যে পরিকল্পনা করেছি তা নিয়ে পুরো ডিস্ট্রিক্ট জুড়েই উত্তেজনা তুঙ্গে!

DeKalb County School District কৌশলী পরিকল্পনাটি সব DeKalb পরিবারের কাছে আমাদের ডিস্ট্রিক্টকে #1 করে তুলতে এবং সব বিদ্যার্থীকে তাদের আকাঙ্খিত ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার পথ প্রস্তুত করে। আমাদের কৌশলী পরিকল্পনায় যে বিষয়গুলি লক্ষ্যের মূল কেন্দ্রবিন্দু তা হল:

ন্যায়পরতা (ইক্যুইটি) ও সুযোগ সহযোগে শিক্ষার্থীর সফলতা
স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা এবং যোগাযোগ
কর্মচারীদের কার্যকারিতা
সংস্কৃতি এবং জলবায়ু
সাংগঠনিক উৎকর্ষ
সুবিধা-সুযোগ
আমাদের লক্ষ্যের বিষয়গুলি কী কী অগ্রগতি হচ্ছে এবং আমার প্রথম 100 দিনের কার্যকলাপ সম্পর্কে জানাতে আমার সাপ্তাহিক নিউজলেটার দেখতে উৎসুক হয়ে রইলাম। আমাদের কৌশলী পরিকল্পনার ব্যাপারে আরও তথ্য জানতে https://www.dekalbschoolsga.org/superintendent/strategic-plan/ ওয়েবসাইটটি দেখুন।

কর্মীদের তৎপরতা (কৌশলী পরিকল্পনার লক্ষ্য ।।।)

এই সপ্তাহে আমি আমাদের ডিস্ট্রিক্ট লীডারদের সাথে কথা বলে নিশ্চিত করেছি যে ডিভাইস বিতরণ থেকে আমাদের কর্মীদের জন্য পেশার উন্নতিসাধনের সুযোগ সৃষ্টি করা অবধি সব বিষয়ে আমরা সঠিকভাবে এগিয়ে চলেছি। আমরা আগস্ট 5-7, 2020 পর্যন্ত Professional Development Institute চালু করেছি। এই প্রতিষ্ঠানটি আমাদের স্কুলের কর্মীদেরকে কার্যকরভাবে অনলাইনে শিক্ষাদান ও সেই সম্পর্কিত অভ্যাস রপ্ত করতে সাহায্য করবে যাতে আমাদের শিক্ষার্থীরাও তাদের সম্ভাবনার শীর্ষে পৌঁছতে শেখায় নিয়োজিত হয় ও শেখে। কঠিন পরিশ্রম করার জন্য আপনাদের, শিক্ষক, অধ্যক্ষ ও কর্মীদেরকে অনেক ধন্যবাদ জানাই।

যোগাযোগ, সমন্বয় সাধন এবং সংহতি বজায় রেখে চলাই আমাদের সাপ্তাহিক সুপারিন্টেন্ডেন্টের ক্যাবিনেট বৈঠকের মূল লক্ষ্য। আমাদের স্কুলে ফেরার পরিকল্পনার সাথে, সঙ্কট ও পরিবর্তন মোকাবিলা করতে গেলে কী কী করতে হবে সেই নিয়ে আলোচনা করেও আমরা সময় ব্যয় করছি। আমরা যে যে বিষয় নিয়ে অন্বেষণ করেছি তা হল:

Elle Allison-এর লেখা রেজিলিয়েন্ট লীডার –এডুকেশনাল লীডারশিপ (Educational Leadership by Elle Allison)

www.ascd.org/publications/educational-leadership/dec11/vol69/num04/The-Resilient-Leader.aspx

Peter Zsebik-এর লেখা ফার্স্ট অ্যান্ড সেকেন্ড অর্ডার চেঞ্জ ইন এডুকেশন অ্যান্ড ইটস ইমপ্লিকেশন ফর ফিউচার ডিরেকশনস (First and Second Order Change in Education and Its Implications for Future Directions)

http://www.questconference.ca/wp-content/uploads/2018/05/2009ZsebikArticle.pdf

লার্নিং থ্রু ক্রাইসিস – 8 টিপস ফর নেভিগেটিং টার্বুলেন্ট টাইমস (Leading Through Crisis – 8 Tips for Navigating Turbulent Times)
John Taylor-এর লেখা

https://www.randstadrisesmart.com/blog/leading-through-crisis-8-tips-navigating-turbulent-times

Student Success with Equity and Access (Strategic Goal I) &
Stakeholder Engagement and Communication (Strategic Plan Goal II) স্টুডেন্টস সাকসেস উইথ ইক্যুইটি অ্যান্ড অ্যাক্সেস (স্ট্র্যাটেজিক গোল I) অ্যান্ড স্টেকহোল্ডার এনগেজমেন্ট অ্যান্ড কমিউনিকেশন (স্ট্র্যাটেজিক প্ল্যান গোল II)

DeKalb County এবং Metro Atlanta-র একনিষ্ঠ ও সুন্দর কমিউনিটির কাছ থেকে আমি এই বিষয়ে প্রচুর অনুপ্রেরণা লাভ করেছি। DCSD বুঝেছে যে এই সঙ্কটের মুহুর্তে দাঁড়িয়ে আমরা আমাদের বিদ্যার্থী, পরিবার ও কমিউনিটির জটিল চাহিদাগুলি একা হাতে সামলাতে পারব না, এবং সেজন্যই শিক্ষার্থীদের সাফল্য ত্বরান্বিত করতে আমাদেরকে নিজেদের পরিবার ও কমিউনিটির সাথে হাতে হাত মেলাতে হবে। এই সমস্যাবহুল পরিস্থিতিতে এটি বিশেষভাবে প্রয়োজন, যাতে আমরা ডিজিটাল বিভাজন সম্পূর্ণভাবে দূর করতে পারি।

আমাদের ডিস্ট্রিক্টে 178টি ভাষার ব্যবহার আছে এবং তা অত্যন্ত বৈচিত্র্যশীল ও সুন্দর সমন্বয়। আমাদের কমিউনিটির প্রত্যেকের অনন্য চাহিদা শনাক্ত করতে এবং এই বৈচিত্র্যকে আরও ভালভাবে কদর করতে আমরা কিছু অতিরিক্ত পন্থা খোঁজারও চেষ্টা করছি। এই সপ্তাহে আমি K-12 ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স রাউন্ডটেবিলের সাথে সুন্দর একটি বৈঠকে উপস্থিত ছিলাম। অভিভাবক, শিক্ষাদানকারী, কমিউনিটির নেতা এবং উপদেষ্টারা আমাদের ELL ও স্থানান্তরিত নতুন বিদ্যার্থী ও পরিবারদের সেরা সহায়তা দিতে মূল্যবান মতামত দিয়েছেন। আরও একবার এই গ্রুপকে ধন্যবাদ জানাই, যারা নিজেদের মূল্যবান সময় বের করে পরিবার, খাবার বিতরণ, ও আমাদের শিক্ষার্থীদের কাছে যথাযথ ইন্টারনেট অ্যাক্সেস পৌঁছে দেওয়া উন্নত করতে দারুণ সব ধারণা দিয়েছেন।

কমিশনার Lorraine Cochran-Johnson-এর আয়োজন করা DeKalb County ব্যাক-টু-স্কুল টাউন হলেও আমি উপস্থিত ছিলাম। অনুষ্ঠানটি খুবই সুন্দর হয়েছিল এবং আমাদের ডিস্ট্রিক্টের অন্যান্যদের ও metro Atlanta-র সাথে হাত মেলাতে পেরেও আমি কৃতজ্ঞ, যারা বাচ্চাদের বিষয়ে বিশেষ কৃতিত্বের ভাগীদার। উপস্থিত সকলকে জানাই, আমি আপনাদের প্রশ্ন ও সমস্যার জায়গাগুলি শুনেছি এবং মতামত দেওয়ার অপেক্ষায় রইলাম। আমরা একসাথে কাজ করলে সেরা কাজ করতে পারি, এবং একসাথে মিলে আমরা এই অতিমারীর সময়েও DeKalb-এর একাত্মবোধকে নিয়ে যুঝব।

Learn4Life (L4L), Metro Atlanta Regional Education Partnership, এবং আমি কমবয়সীদের শিক্ষাদানের দায়বদ্ধতা এবং পরবর্তী প্রজন্মের অগ্রণী ও নাগরিকদের প্রস্তুত করার ব্যাপারে আলোচনা করতে বৈঠক করেছি। এই সংস্থাটি স্কুল ডিস্ট্রিক্ট, কমিউনিটি, ব্যবসা, এবং অলাভজনক সংস্থা নিয়ে তৈরি যারা আমাদের মতই একই বিশ্বাসে বিশ্বাসী যে আমাদের সব শিক্ষার্থীদের তাদের সম্ভাবনার সদ্ব্যবহার করতে সুযোগ পাওয়া উচিত।

সাংগঠনিক উৎকর্ষতা (লক্ষ্যের বিষয় V)

বৃহস্পতিবার, আমার হিউম্যান রিসোর্সের ইন্টেরিম চিফ Mrs. Linda Woodard-এর সাথে হিউম্যান রিসোর্স বিভাগ ঘুরে দেখার সুযোগ হয়েছিল। আমরা সবাই জানি যে হিউম্যান রিসোর্স যোগ্য নতুন কর্মচারীদের নিয়োগে ও মেধা পালন পোষণ করে ধরে রাখার ব্যাপারে গুরুত্বপূর্ণ কাজ করে। আমরা বুঝেছি যে আমাদের স্কুল ডিস্ট্রিক্টের সাফল্য কিন্তু আমাদের হিউম্যান রিসোর্স বিভাগ থেকে শুরু হয়। আমরা যাতে সাফল্য ধরে রাখতেও যথাযথভাবে প্রস্তুত থাকি তা নিশ্চিত করতে খুঁটিয়ে আমাদের সংস্থার কার্যপদ্ধতির ছকও দেখছি।

আমাদের কর্মী ও শিক্ষার্থীদের সুরক্ষা ও সুস্থতাই টিমের অগ্রাধিকার ছিল বলে আমরা একটি ভার্চুয়াল অ্যাথলেটিক টাউন হলের আয়োজন করে কোভিড-19  কীভাবে  আমাদের ডিস্ট্রিক্টের ক্রীড়াবিদ-শিক্ষার্থী ও খেলাধূলার বিষয়টিকে প্রভাবিত করেছে সেই নিয়ে আলোচনা করেছি। আমার টিমকে এবং ডঃ Sandra Ford-কে অংশগ্রহণ করার জন্য অনেক ধন্যবাদ জানাই। যদি আপনি না শুনে থাকেন, তাহলে সবার চাহিদায় এটি DeKalb Schools TV ভিডিওতে দেখতে পারেন:
https://view.earthchannel.com/PlayerController.aspx?&PGD=dekalbschga&eID=781.

আর এক সপ্তাহ বাকি, আমি আপনাদেরকে দারুণ এক স্কুল শিক্ষাবর্ষের জন্য মানসিকভাবে প্রস্তুত করে তুলব। সঙ্কটের মুহুর্তে দাঁড়িয়ে থাকলেও, ইতিবাচক ভাবুন, অনুপ্রেরণা দিন এবং সব সময় জেনে রাখুন যে আমি আপনাদের পাশে থেকেই কাজ করছি। একটি হাইতিয়ান প্রবাদবাক্য আছে যা আমার খুব প্রিয়, "যখন অনেক হাত একসাথে মেলে, তখন বোঝা হালকা লাগে।" আপনাদের সপ্তাহান্ত ভাল কাটুক!

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Cheryl Watson-Harris, সুপারিন্টেন্ডেন্ট